



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
অর্থ শাখা  
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)  
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০  
www.dme.gov.bd



স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.১৩.০০১.২০-৬৩৬

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
২০ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: দেশের তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও বিভিন্ন বেসরকারি মাদ্রাসার অধ্যয়নরত রাজস্ব খাতভুক্ত এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও দাখিল পর্যায়ে বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) নিয়মিত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P (EFT) পদ্ধতিতে “ব্যাংক হিসাবে” প্রেরণের লক্ষ্যে প্রতিষ্ঠান হতে প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যের ভুল সংশোধন ও নতুন শিক্ষার্থীর তথ্য সংযোজন প্রসঙ্গে।

০২। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে অনলাইনে EFT-এর মাধ্যমে সরাসরি শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। কিন্তু কিছু শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য অদ্যবধি এন্ট্রি প্রদান করেনি এবং কিছু শিক্ষা প্রতিষ্ঠানের প্রেরিত তথ্য ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক ও শাখার নাম, জেলা পরীক্ষার সালসহ বিভিন্ন ধরনের ভুল রয়েছে। এছাড়া কিছু শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর, রাউটিং নম্বরসহ ব্যাংক সংক্রান্ত কিছু তথ্য যথাযথ না থাকায় EFT Bounced Back হয়েছে।

০৩। এমতাবস্থায়, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান) উল্লিখিত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ দ্রুত প্রেরণের লক্ষ্যে বর্ণিত তথ্যসমূহ আগামী ১০.১২.২০২৩ তারিখের মধ্যে MIS অনলাইন সফটওয়্যার লিংকে প্রবেশ করে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য এন্ট্রি ও ভুল সংশোধনের জন্য অনুরোধ করা হলো।

#### ০৪। MIS সফটওয়্যারে এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয়:

- ০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
- ০২। পাঠ বিরতি রয়েছে এরূপ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি না দেয়া;
- ০৩। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে/১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে;
- ০৪। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS- এ তথ্য এন্ট্রির ক্ষেত্রে হিসাবধারীর নামের স্থলে উভয়ের নাম এন্ট্রি করতে হবে;
- ০৫। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
- ০৬। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
- ০৭। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে;
- ০৮। বৃত্তির ক্যাটাগরি (মেধা ও সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
- ০৯। ব্যাংক, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
- ১০। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
- ১১। তথ্য এন্ট্রি দেয়ার শেষ সময় ১০.১২.২০২৩ খ্রি. পর্যন্ত।


উল্লিখিত পদ্ধতি ব্যতিত কোন ক্রমেই বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা সম্ভব হবে না।

# যে সকল শিক্ষার্থীগণ মাদ্রাসা থেকে বৃত্তি পেয়ে মাদ্রাসায় অধ্যয়নরত আছেন এবং স্কুল/কলেজ থেকে বৃত্তি পেয়ে মাদ্রাসায় অধ্যয়নরত আছেন শুধুমাত্র ঐ সকল শিক্ষার্থীগণ নিচের লিংকে আবেদন করবেন।

# যে সকল শিক্ষার্থী মাদ্রাসা থেকে বৃত্তিপ্রাপ্ত হয়ে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং ভর্তি হয়েছেন তারা স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্ধারিত লিংকে আবেদন করবেন।

তথ্য এটির জন্য লিংক নিম্নরূপ:

DME-MIS এর URL (লিংক): <https://dme.finance.gov.bd/DME-MIS/login>



মোঃ আবুল বাসার

উপ-পরিচালক (অর্থ)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

ফোন: ৪১০৩০১৬৪

- ১। অধ্যক্ষ.....সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/ সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/ সরকারি মুস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া।
- ২। অধ্যক্ষ/সুপার....(সকল এমপিওভুক্ত ও ননএমপিওভুক্ত মাদ্রাসা)

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.১৩.০০১.২০-

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
২০ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
- ৩। নির্বাহী পরিচালক, এসপিএফএমএসপি প্রজেক্ট, ইন্স্টিটিউট, অর্থ বিভাগ, ঢাকা-১০০০।
- ৪। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৫। উপজেলা নির্বাহী অফিসার.....সকল
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার .....সকল (তীর অধিক্ষেত্রের সকল মাদ্রাসাকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



মোঃ লুৎফর রহমান

সহকারী পরিচালক (অর্থ)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

ফোন: ৪১০৩০৮৯৩